# উপজেলা পরিষদ
# হরিপুর, ঠাকুরগাঁও

স্মারক নং ঃ ০৫.৫৫.৯৪৫১.০০০.০৩.০০৩.২২-৯৯০(৪০) তারিখ ঃ ৩০-১২-২০২১ খ্রিঃ।

**বিষয়: উপজেলা পরিষদের মাসিক সভা আহবান।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ০৩ জানুয়ারি'২০২২ তারিখ বৃহস্পতিবার সকাল ১১.৩০টায় উপজেলা পরিষদের মাসিক সভা চেয়ারম্যান, উপজেলা পরিষদের সভাপতিত্বে উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত তারিখে নির্ধারিত সময়ে সম্মানিত সদস্যগণকে সভার কার্যপত্রসহ সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

উপজেলা পরিষদ মাসিক সভার কার্যপত্র/কর্মপত্র প্রেরণের ছক

**দপ্তর/বিভাগের নাম.........................**
**মাসের .......................................**

| ক্র. নং | কমিটির নাম | সুপারিশের বিষয় | তথ্য/উপাত্ত | প্রাক্কলিত ব্যয় | অর্থের উৎস | বিকল্প প্রস্তাব | প্রভাব | ফলাফল | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |

**আলোচ্য সূচি:**
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা।
৩। কমিটি সমূহের সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৪। নতুন আইন, বিধি, সার্কুলার ও প্রজ্ঞাপন অবহিত করণ।
৫। মাননীয় সংসদ সদস্য ও উপদেষ্টা উপজেলা পরিষদের উপদেশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৬। পরিষদের আয়-ব্যয়ের হিসাব পর্যালোচনা।
৭। বিবিধ।

মোঃ আব্দুল করিম
উপজেলা নির্বাহী অফিসার
হরিপুর, ঠাকুরগাঁও।

প্রাপক
...............................................................
...............................................................
হরিপুর, ঠাকুরগাঁও।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হ'ল-

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঠাকুরগাঁও-২।
০২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।
০৫। অফিস কপি।

# অর্থ বছর - ২০২১-২২

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ 06/01/2022 | স্বাক্ষর ও তারিখ 10/02/2022 | 2?/03/2022 | স্বাক্ষর ও তারিখ 20/04/2022 | স্বাক্ষর ও তারিখ 22/05/2022 | ৯/৬/২২ |
|---|---|---|---|---|---|---|---|
| ১ ০১ | মাননীয় জাতীয় সংসদ সদস্য ঠাকুরগাঁও-২ | | | [signature] 2?/03/2022 | [signature] 20/04/2022 | | |
| ১ ০২ | চেয়ারম্যান উপজেলা পরিষদ | [signature] | | [signature] | [signature] | [signature] | |
| ১ ০৩ | উপজেলা নির্বাহী অফিসার হরিপুর, ঠাকুরগাঁও | | | [signature] | | | |
| ১ ০৪ | ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ হরিপুর, ঠাকুরগাঁও | [signature] 03/01/2022 | [signature] 10/02/2022 | [signature] | [signature] | [signature] | [signature] 09/06/22 |
| ১ ০৫ | মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ | [signature] 03-01-2022 | [signature] | [signature] | [signature] | [signature] 12-05-22 | [signature] 09-06-22 |
| ১ ০৬ | চেয়ারম্যান ১ নং গেদুড়া ইউপি | [signature] | [signature] | [signature] | [signature] 20/4/22 | [signature] 22/5/22 | [signature] |
| ১ ০৭ | চেয়ারম্যান ২ নং আমগাঁও ইউপি | [signature] | | [signature] | [signature] | | |
| ১ ০৮ | চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউপি | [signature] | [signature] | [signature] 2?/3/22 | [signature] 20/4/22 | [signature] | |
| ০৯ | চেয়ারম্যান ৪ নং ডাঙ্গীপাড়া ইউপি | [signature] | [signature] | [signature] | [signature] 20/4/22 | [signature] | [signature] |
| ১০ | চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউপি | [signature] | [signature] | [signature] | [signature] 20/4/22 | [signature] | [signature] |
| | চেয়ারম্যান ৬ নং ভাতুরিয়া ইউপি | [signature] 06/01/2022 | [signature] 10/02/2022 | [signature] 2?/03/2022 | [signature] 20/4/2022 | [signature] 22/5/2022 | [signature] |

# অর্থ বছর-২০২১-২২

| ক্র. নং | নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ 03/01/2022 | স্বাক্ষর ও তারিখ 10/02/2022 | স্বাক্ষর ও তারিখ 21/03/22 | 20/4/22 | স্বাক্ষর ও তারিখ 12/05/2022 | 9/6/22 |
|---|---|---|---|---|---|---|---|
| ১২ | উপজেলা কৃষি অফিসার হরিপুর, ঠাকুরগাঁও | [signature] 03.01.22 | [signature] 10.02.2022 | [signature] 21.03.2022 | [signature] 20.04.2022 | [signature] 12.05.2022 | [signature] 09.06.22 |
| ১৩ | উপজেলা স্বাস্থ্য ও প. প. কর্মকর্তা হরিপুর, ঠাকুরগাঁও | [signature] | [signature] | [signature] | | [signature] 12.05.22 | |
| ১৪ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা হরিপুর, ঠাকুরগাঁও | ✓ subarna 03/01/2022 | [signature] 10/2/22 | [signature] 21/3/22 | ✓ subarna | ✓ subarna 12/05/2022 | [signature] |
| ১৫ | উপজেলা মৎস্য কর্মকর্তা | [signature] | [signature] | [signature] | [signature] 20/4/22 | [signature] | [signature] |
| ১৬ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও | | | | [signature] 20.04.22 | [signature] | [signature] |
| ১৭ | উপজেলা প্রকৌশলী দপ্তর | [signature] 03/01/2022 | [signature] | [signature] 21/03/2022 | [signature] 20/04/2022 | [signature] | [signature] |
| ১৮ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | [signature] 06/01/2022 | [signature] | [signature] | [signature] 20/04/2022 | [signature] | [signature] |
| ১৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | [signature] 2022 | [signature] 2022 | [signature] 2022 | [signature] 20/4/2022 | [signature] | [signature] 2022 |
| ২০ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী দপ্তর | [signature] | [signature] 10/2/2022 | [signature] | [signature] | [signature] | [signature] 9/6/22 |

অর্থ বছর - ২০২১-২২

| ক্র. নং | নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ ০৬/০১/২০২২ | স্বাক্ষর ও তারিখ ১০/০২/২০২২ | ২২/০৩/২০২২ | ২০/০৪/২০২২ | স্বাক্ষর ও তারিখ ২২/০৫/২০২২ | ৩/৬/২২ |
|---|---|---|---|---|---|---|---|
| ২১ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | 23.01.22 | 10.02.22 | 21.03.22 | 20.04.22 | | |
| ২২ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | ০৬/০১/২০২২ | ১০/০২/২০২২ | ২২/০৩/২২ | ২২/০৪/২০২২ | ২২/০৫/২০২২ | ০৩/০৬/২০২২ |
| ২৩ | মো: মফিজুর রহমান খান উপজেলা যুব উন্নয়ন দপ্তর ০১৭১৪-০০৬১৭৭ | ০৬/১/২২ | | | | | ৩/৬/২২ |
| ২৪ | উপজেলা সমবায় দপ্তর | ০৬/০১/২২ | ১০/০২/২২ | ২২/০৩/২২ | ২০/০৪/২২ | ২২/০৫/২০২২ | ০৩/০৬/২২ |
| ২৫ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বিভাগ | | | | | | |
| ২৬ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | | | | | | |
| ২৭ | উপজেলা আনসার ও ভিডিপি | ০৬/০১/২০২২ | ১০/০২/২২ | | ২০/৪/২২ | | ৩/৬/২০২২ |
| ২৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | 06.01.2022 | 10.02.2022 | 21.03.2022 | 20.04.2022 | | 03.06.22 |
| ২৯ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | ৬/১/২২ | | | | 22.05.22 | 3/6/22 |
| ৩০ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | ৬/১/২২ | 10.02.2022 | 22/03/22 | 20.04.22 | 22/05/22 | 3/6/22 |

অর্থ বছর- ২০২১-২২

| ক্র.নং | নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ 06/04/2022 | স্বাক্ষর ও তারিখ 10/02/2022 | 24/06/2022 | ২০/০৪/২০২২ | স্বাক্ষর ও তারিখ ২৭/০৫/২০২২ | ২/৫/২২ |
|---|---|---|---|---|---|---|---|
| ৬১ | উপজেলা সেটেলমেন্ট | | | | [illegible] | | |
| ৬২ | উপজেলা বন বিভাগ | | | | | | |
| ৬৩ | উপজেলা বরেন্দ্র বিভাগ বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | | ১০/০২/২২ | | ২০/০৪/২২ | ২৭/০৫/২২ | ০২/০৫/২২ |
| ৬৪ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন | ০৬/০৪/২০২২ | | ২৪/৬ | ২০/৪/২২ | ২৭/৫/২২ | 02/05/2022ইং |
| ৬৫ | উপজেলা তথ্য আপা | 06/04/2022 | 10/02/2022ইং | 20/06/2022 | 20/04/2022ইং | 27/05/2022ইং | |
| ৬৬ | উপজেলা পরিষদ সংরক্ষিত সদস্য | | | | | | |
| ৬৭ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিসার | | | | | | |
| ৬৮ | ইউ পি গ্রুপ উপজেলা [illegible] | | | | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
হরিপুর, ঠাকুরগাঁও

বিষয় ঃ জানুয়ারি, ২০২২ মাসে অনুষ্ঠিত "উপজেলা পরিষদ" মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব মোঃ জিয়াউল হাসান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।

তারিখ ঃ ০৩ জানুয়ারি, ২০২২.
সময় ঃ বেলা ১১-০০ ঘটিকা।
স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

সভার শুরুতে সভাপতি মহোদয় ঠাকুরগাঁও জেলাধীন হরিপুর উপজেলায় ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন-২০২১ এর নবনির্বাচিত ইউপি চেয়ারম্যান ও বিদায়ী ইউপি চেয়ারম্যানগণকে ফুলেল শুভেচ্ছাসহ বরণ ও বিদায় সংবর্দ্ধনা জানান এবং উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতপরঃ উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সহ অন্যান্য সদস্যগণকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার হরিপুর মহোদয়কে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। সভাপতির অনুরোধ ক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভা পরিচালনা করেন। সভায় পূর্ববর্তী মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হলে তাতে কোন সংযোজন বিয়োজন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হলো।

০২। এডিপিঃ

উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থ বছরে এডিপির ১ম ও ২য় কিস্তির প্রাপ্ত বরাদ্দের আলোকে গৃহিত ০৪টি পিআইসি প্রকল্পের মধ্যে ০২টি প্রকল্পের পিআইসি কমিটি না থাকা তা বাস্তবায়ন করা হয়নি। প্রকল্পটি ০২টি হলোঃ ০১। র‍্যাবিক্স ভ্যাক্সিন ক্রয় ও সরবরাহকরণ এবং ০২। সকল ইউনিয়নে ০১ ফিট ডায়া আরসিসি পাইপ স্থাপনকরণ প্রকল্প। যার ০৭ সদস্য বিশিষ্ট পিআইসি কমিটি গঠন করা হয়। যা অদ্যকার সভায় প্রকল্প বাস্তবায়ন কমিটিসহ প্রকল্পের প্রাক্কলন অনুমোদনের জন্য সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। প্রকল্প বাস্তবায়ন কমিটি নিম্নরূপঃ

প্রকল্পের নামঃ র‍্যাবিক্স ভ্যাক্সিন ক্রয় ও সরবরাহকরণ।
প্রাক্কলিত অর্থঃ ২,০০,০০০/-
প্রকল্প বাস্তবায়ন কমিটি-

| | | |
|---|---|---|
| (১) | জনাব মোঃ মোকসেদ আলী, ইউপি সদস্য, ৫ নং হরিপুর ইউপি- | প্রকল্প সভাপতি |
| (২) | জনাব মোঃ নগেন কুমার পাল, বীর মুক্তিযোদ্ধ, হরিপুর- | প্রকল্প সদস্য |
| (৩) | জনাব ফয়েজ মোহাম্মদ জামান, সহকারী শিক্ষক, হরিপুর সঃপ্রাঃবিঃ- | প্রকল্প সদস্য |
| (৪) | জনাব মোঃ হোসেন, আনসার সদস্য, হরিপুর - | প্রকল্প সদস্য |
| (৫) | জনাব মোঃ নুর আলম, ঈমাম, কেন্দ্রীয় জামে মসজিদ, হরিপুর- | প্রকল্প সদস্য |
| (৬) | জনাব মোঃ মনাব্বর হোসেন, সুশীল সমাজের প্রতিনিধী, হরিপুর- | প্রকল্প সদস্য |
| (৭) | জনাব মোঃ তরিকুল ইসলাম, সমাজ সেবক, হরিপুর - | প্রকল্প সদস্য |

আলোচনায় উপজেলা চেয়ারম্যান মহোদয় প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতিকে দ্রুত প্রকল্প বাস্তবায়নের জন্য অনুরোধ জানান।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| র‍্যাবিক্স ভ্যাক্সিন ক্রয় ও সরবরাহকরণ প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটিসহ প্রাক্কলিত মূল্য ২,০০,০০০/-(দুই লক্ষ টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর।<br>৩। প্রকল্প বাস্তবায়ন কমিটি, হরিপুর। |

প্রকল্পের নামঃ সকল ইউনিয়নে ০১ফিট ডায়া আরসিসি পাইপ স্থাপনকরণ।
প্রাক্কলিত অর্থঃ ১,০০,০০০/-
প্রকল্প বাস্তবায়ন কমিটি-

| | | |
|---|---|---|
| (১) | জনাব মোঃ আনোয়ার হুসেন, ইউপি সদস্য, ৪ নং ডাঙ্গীপাড়া ইউপি- | প্রকল্প সভাপতি |
| (২) | জনাব মোঃ আব্দুর রশিদ, বীর মুক্তিযোদ্ধ, রহমতপুর, হরিপুর- | প্রকল্প সদস্য |
| (৩) | জনাব মোঃ আনোয়ার হোসেন, সহকারী শিক্ষক, হরিপুর- | প্রকল্প সদস্য |
| (৪) | জনাব মোঃ আলী হোসেন, আনসার সদস্য, হরিপুর - | প্রকল্প সদস্য |
| (৫) | জনাব মোঃ সাইদুর রহমান, পেশ ঈমাম, উপজেলা পরিষদ জামে মসজিদ, হরিপুর- | প্রকল্প সদস্য |
| (৬) | জনাব মোছাঃ মারুফা বেগম, সমাজসেবিকা, হরিপুর- | প্রকল্প সদস্য |
| (৭) | জনাব মোঃ হাসিবুল ইসলাম, সুশীল সমাজের প্রতিনিধি, মিনাপুর, হরিপুর - | প্রকল্প সদস্য |

আলোচনায় উপজেলা চেয়ারম্যান মহোদয় প্রকল্প বাস্তবায়ন কমিটির সভাপতিকে দ্রুত প্রকল্প বাস্তবায়নের জন্য অনুরোধ জানান।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| সকল ইউনিয়নে ০১ফিট ডায়া আরসিসি পাইপ স্থাপনকরণ প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন কমিটিসহ প্রাক্কলিত মূল্য ১,০০,০০০/-(এক লক্ষ টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর।<br>৩। প্রকল্প বাস্তবায়ন কমিটি, হরিপুর। |

০৩। *বিভাগীয় আলোচনা ও সিদ্ধান্তঃ*

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, বর্তমান সরকার কৃষি বান্ধব সরকার। বর্তমান শীত মৌসুমে কৃষি বান্ধব সরকারের ঐকান্তিক প্রচেষ্টা ও কৃষকের অক্লান্ত পরিশ্রমে মাঠে বিভিন্ন সবজির ফলন ভাল হয়েছে এবং ভুট্টাক্ষেতে এ পর্যন্ত কোনপ্রকার পোকার উপদ্রপ দেখা যায়নি। ফসলে বিভিন্ন প্রকার পোকা-মাকড়ের উপদ্রপ রক্ষার্থে উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষকের মাঝে বিভিন্ন সচেতনতামূলক লিফলেট বিতরণসহ মাঠ পর্যায়ে মনিটরিং এর কাজ করছেন। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, হরিপুর। |
| স্বাস্থ্য ও পঃ পঃ দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, চলতি জানুয়ারি, ২০২২ মাসে করোনা ভাইরাস সংক্রমণ মোকাবেলায় সকল ইউপির বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ১২-১৮ বছর বয়সী শিক্ষার্থী টিকাদান ক্যাম্প অনুষ্ঠিত হবে। উক্ত টিকাদান ক্যাম্প সফলভাবে বাস্তবায়নের জন্য স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক, ধর্মীয়, পেশাজীবী, স্বেচ্ছাসেবী ও ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধি, ইউপি চেয়ারম্যান বৃন্দ ও সকল রাজনৈতিক নেতৃবৃন্দকে গণসচেতনতামূলক বার্তা পৌঁছে দেয়াসহ বিশেষ সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | করোনা ভাইরাসের প্রাদুর্ভাব মোকাবেলায় স্থানীয় পর্যায়ে সাধারণ মানুষের দোর গোড়ায় সেবা পৌঁছে দেয়ার জন্য গণ টিকাদান ক্যাম্পের বিশেষ কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করতে হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর।<br>৩। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, হরিপুর<br>৪। ইউপি চেয়ারম্যান (সকল), হরিপুর। |
| প্রাণি সম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, বর্তমানে অত্র উপজেলায় প্রাণিসমূহে অচেনা-অজানা সংক্রামক রোগের প্রার্দুভাব নেই। এছাড়া, বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | অচেনা-অজানা সংক্রামক রোগের প্রার্দুভাব বিষয়ে মাঠ পর্যায়ে মনিটরিং ব্যবস্থা অব্যহত রাখতে হবে | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, হরিপুর। |
| মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, হরিপুর। |
| উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, এডিপি প্রকল্পের আওতায় প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নযোগ্য ০২টি প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত প্রকল্পের প্রাক্কলন, প্রাক্কলিত মূল্য ও প্রকল্প বাস্তবায়ন কমিটি অনুমোদনের জন্য অনুরোধ করা হলো। এছাড়াও বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ৩য় ও ৪র্থ কিস্তির বরাদ্দে প্রকল্প গ্রহণের জন্য অনুরোধ জানান। | উপজেলা রাজস্ব তহবিলের আওতায় প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্প ০২টি অনুমোদন করা হলো। | উপজেলা প্রকৌশলী, হরিপুর। |
| শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, সরকারের নির্দেশে সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়া হয়েছে। এছাড়া, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, হরিপুর। |
| মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার সভায় জানান, মাধ্যমিক ও এবতেদায়ি পর্যায়ে বিনামূল্যে পাঠ্যপুস্তক ১লা জানুয়ারি, ২০২২ তারিখে আনন্দঘন পরিবেশে বই বিতরণপূর্বক বই উৎসব উদ্‌যাপন করা হয়েছে। অত্র সভার সকল সদস্যগণকে বিভিন্ন প্রতিষ্ঠানের বই উৎসবে উপস্থিত থাকার জন্য আমন্ত্রন জানাচ্ছি। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, হরিপুর। |
| সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হরিপুর। |
| পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/কর্মকর্তার প্রতিনিধি সভায় অনুপস্থিত। | আগামী সভায় দাপ্তরিক কার্যক্রমের প্রতিবেদনসহ উপস্থিত থাকতে হবে। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, হরিপুর। |
| সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা/কর্মকর্তার প্রতিনিধি সভায় অনুপস্থিত। | আগামী সভায় দাপ্তরিক কার্যক্রমের প্রতিবেদনসহ উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, হরিপুর। |

| | | | |
|---|---|---|---|
| খাদ্য দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (ভাঃ) কর্মকর্তা কর্মকর্তা/কর্মকর্তার প্রতিনিধি সভায় অনুপস্থিত। | আগামী সভায় দাপ্তরিক কার্যক্রমের প্রতিবেদনসহ উপস্থিত থাকতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হরিপুর। |
| জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপ-সহঃ প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, হরিপুর। |
| পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা/কর্মকর্তার প্রতিনিধি সভায় অনুপস্থিত। | আগামী সভায় দাপ্তরিক কার্যক্রমের প্রতিবেদনসহ উপস্থিত থাকতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, হরিপুর। |
| আনসার ও ভিডিপি দপ্তর | ভারপ্রাপ্ত উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান, এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, হরিপুর |
| প্রকল্প বাস্তবায়ন দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হরিপুর। |
| মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হরিপুর |
| পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হরিপুর। |
| যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হরিপুর। |
| বরেন্দ্র দপ্তর | সহকারী প্রকৌশলী, বিএমডিএ কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, হরিপুর। |
| পল্লী দারিদ্র বিমোচন ফাঃ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পঃদাঃবিঃ ফাঃ কর্মকর্তা, হরিপুর। |
| বন বিভাগ | ফরেস্টার, সদর নার্সারী সভায় জানান তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ফরেস্টার, সদর নার্সারী, হরিপুর। |
| সেটেলমেন্ট বিভাগ | সহকারী সেটেলমেন্ট কর্মকর্তা/কর্মকর্তার প্রতিনিধি সভায় অনুপস্থিত। | আগামী সভায় দাপ্তরিক কার্যক্রমের প্রতিবেদনসহ উপস্থিত থাকতে হবে। | সহকারী সেটেলমেন্ট অফিসার, হরিপুর |
| তথ্য আপা | উপজেলা তথ্য আপা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, হরিপুর |

## ০৪। বিবিধঃ

০১) সভায় উপজেলা প্রকৌশলীর জানান যে, সম্প্রতি অত্র উপজেলার বড় হাট যাদুরাণী হাট। প্রতি হাটে হাজার হাজার মানুষের সমাগম হয়। এ হাটের কেন্দ্রীয় মসজিদের দক্ষিণ প্রান্তের ফাঁকা জায়গায় ০৪ তলা ফাউন্ডেশন বিশিষ্ট গ্রামীণ মার্কেট নির্মাণ করা হচ্ছে এবং এ মার্কেটের সম্মুখভাগে ০১ (এক)টি মিটসেড থাকায় মার্কেট নির্মাণ কাজ ব্যহত হচ্ছে। ০৪ তলা ফাউন্ডেশন বিশিষ্ট গ্রামীণ মার্কেট নির্মাণের লক্ষে মিটসেডটি অনতিবিলম্বে অন্যাত্র স্থানান্তর ও পুনঃ নির্মাণ করা অতিজরুরী প্রয়োজন। এ অবস্থা হতে উত্তরণের জন্য অত্র সভায় কোটেশন পদ্ধতিতে ০১টি প্রকল্প গ্রহণসহ সুনির্দেশনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

এ বিষয়ে উপজেলা ভাইস-চেয়ারম্যানদ্বয় সহমত পোষণ করে বলেন, অত্র উপজেলার যাদুরাণী হাটটি অন্যতম বড় হাট। এ হাটে গরু-মহিষ, ভেড়া-ছাগল সহ বিভিন্ন দ্রব্যাদি পাওয়া যায়। হাটের দক্ষিণ অংশে ০৪ তলা ফাউন্ডেশন বিশিষ্ট গ্রামীণ মার্কেট নির্মাণ প্রকল্প দ্রুত বাস্তবায়ন করা অতিজরুরী। এর স্থানে ০১টি জরাজির্ণ মিটসেড থাকায় নির্মাণ কাজ ব্যহত হচ্ছে। এপ্রেক্ষিতে মিটসেডটি দ্রুত অপসারণসহ পার্শ্ববর্তী স্থানে নতুন মিটসেড নির্মাণের জোড় প্রস্তাব রাখছি।

আলোচনায় উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় জানান, অত্র উপজেলার যাদুরাণী হাটটি রাজস্ব আয় সমৃদ্ধ হাট। এ হাটের দক্ষিণ প্রান্তে ০৪ তলা ফাউন্ডেশন বিশিষ্ট গ্রামীণ মার্কেট নির্মাণ করার কাজ চলমান রয়েছে। এ মার্কেটের সম্মুখে ০১টি জরাজির্ণ মিটসেড রয়েছে। যা অপসারণ ও পুনঃ নির্মাণ জরুরী প্রয়োজন। এমতাবস্থায়, জরুরিভাবে মিটসেড ভেঙ্গে অন্যত্র নতুন মিটসেড নির্মাণ করা প্রয়োজন। এ প্রেক্ষিতে ইতিমধ্যে উপজেলা প্রকৌশলী মিটসেড পরিদর্শন করে প্রকল্প ও প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করেছেন। যার প্রক্কলিত অর্থের পরিমাণ ৫,৭৪,৭৮৮/-(পাঁচ লক্ষ চুয়াত্তর হাজার সাতশত আটাশি টাকা মাত্র) টাকা এবং প্রকল্প বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে প্রকল্প কাজ দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনায় যাদুরাণী হাটের মিটসেড অপসারণ ও অন্যত্র পুনঃ নির্মাণকরণ প্রকল্প, প্রকল্পের প্রাক্কলন এবং প্রকল্পের প্রাক্কলিত অর্থ ৫,৭৪,৭৮৮/-(পাঁচ লক্ষ চুয়াত্তর হাজার সাতশত আটাশি টাকা মাত্র) সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। উক্ত প্রকল্পটি কোটেশনের মাধ্যমে দ্রুত সমাপ্ত করা জন্য অনুরোধ করা হলো।

০২। আলোচনায় সভাপতি মহোদয় আরও জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা শাখা-০১ এর গত ২৯ আগস্ট ২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬.৪৯৮.২০-৫৩১ নং স্মারক পত্রের নির্দেশনা মতে অত্র উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানি তেল সরবরাহের নিমিত্ত নভেম্বর, ২০২১ মাসে মোট ২৪,৭৭৬/-(চব্বিশ হাজার সাতশত ছিয়াত্তর টাকা মাত্র) ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানি তেল সরবরাহের নিমিত্ত নভেম্বর, ২০২১ মাসে মোট ২৪,৭৭৬/-(চব্বিশ হাজার সাতশত ছিয়াত্তর টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

০৩। আলোচনায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয় সভায় জানান, ডিসেম্বর, ২০২১ মাসে উপজেলা পরিষদে ব্যবহৃত সিসি ক্যামরার ইন্টারনেট ব্যয় বাবদ ৪৫০০/-(চার হাজার পাঁচশত টাকা মাত্র), ডিসেম্বর, ২০২১ মাসে উপজেলা পরিষদ বিভিন্ন আনুষঙ্গিক ব্যয় বাবদ ৫,০০০/-(পাঁচ হাজার টাকা মাত্র) এবং ডিসেম্বর, ২০২১ মাসের আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- (ত্রিশ হাজার টাকা মাত্র) টাকা যার সর্বমোট ব্যয় ৩৯৫০০/-(উনচল্লিশ হাজার পাঁচশত টাকা মাত্র) টাকা ব্যয় নির্বাহের জন্য উত্তোলন করা হয়েছে। যা অদ্যকার সভায় তা অনুমোদন হওয়া প্রয়োজন।
বিস্তারিত আলোচনায় বর্ণিত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| ডিসেম্বর, ২০২১ মাসের উপজেলা পরিষদের ইন্টারনেট ব্যয়, আনুষঙ্গিক ও আপ্যায়ন ব্যয় বাবদ মোট সর্বমোট ব্যয় ৩৯৫০০/-(উনচল্লিশ হাজার পাঁচশত টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

০৪। উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, গত ১৪ অক্টোবর ২০২১ তারিখে অনুষ্ঠিত মাসিক সভার সিদ্ধান্তনুযায়ী অত্র উপজেলার সকল ইউনিয়নের দুঃস্থ শীতার্ত মানুষের মাঝে শীতবস্ত্র (কম্বল) বিতরণের জন্য চলতি ২০২১-২০২২ অর্থ বছরের অপ্রত্যাশিত খাত হতে ৫০০ পীজ শীতবস্ত্র (কম্বল) ক্রয় করার সিদ্ধান্ত গৃহিত হয় এবং ০৭ সদস্য বিশিষ্ট ১টি পিআইসি কমিটি গঠন করা হয়। ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন ২০২১ এর জন্য শীতবস্ত্র ক্রয়ের ব্যয় নির্বাহের জন্য যা অদ্যকার প্রকল্প বাস্তবায়ন কমিটির সংশোধন প্রয়োজন। সভায় আসন্ন ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন ২০২১ এর কারণে নব নির্বাচিত সদস্যগণের সমন্বয়ে সংশোধনী পিআইসি কমিটি গঠন করা হলো।

প্রকল্পের নামঃ শীতবস্ত্র ক্রয়করণ।

প্রাক্কলিত অর্থঃ ২,০০,০০০/-

প্রকল্প বাস্তবায়ন কমিটি-

| | | |
|---|---|---|
| (১) | জনাব মোঃ রফিকুল ইসলাম, চেয়ারম্যান, ৫ নং হরিপুর ইউপি- | প্রকল্প সভাপতি |
| (২) | জনাব মোঃ আব্দুর রশিদ, বীর মুক্তিযোদ্ধ, হরিপুর- | প্রকল্প সদস্য |
| (৩) | জনাব মোঃ আনোয়ার হোসেন, সহকারী শিক্ষক, হরিপুর- | প্রকল্প সদস্য |
| (৪) | জনাব মোঃ আলী হোসেন, আনসার সদস্য, হরিপুর - | প্রকল্প সদস্য |
| (৫) | জনাব মোঃ সাইদুর রহমান, পেশ ঈমাম, উপজেলা পরিষদ জামে মসজিদ, হরিপুর- | প্রকল্প সদস্য |
| (৬) | জনাব মোঃ সফিকুল ইসলাম,কার্য্য সহকারী, এলজিইডি, হরিপুর- | প্রকল্প সদস্য |
| (৭) | জনাব মোঃ নেহারুল আলম, উপ-সহকারী প্রকৌশলী, এলজিইডি, হরিপুর - | প্রকল্প সদস্য |

আলোচানায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয় প্রকল্প বাস্তবায়ন কমিটির চেয়ারম্যানকে দ্রুত শীতবস্ত্র ক্রয়ের জন্য অনুরোধ জানান।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| গরিব অসহায় ও দুঃস্থ মানুষের উপকারের স্বার্থে শীতবস্ত্র ক্রয়ের সংশোধিত কমিটিসহ বিল ক্রয় বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ টাকা মাত্র) টাকার ব্যয় বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হল। | ১। চেয়ারম্যান, উজেলা পরিষদ, হরিপুর।<br>২। উপজেলা নির্বাহী অফিসার,হরিপুর। |

আর কোন আলোচনা না থাকায় সকলকে পুনরায় ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/০১/২২

সভাপতি
মোঃ জিয়াউল হাসান
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হরিপুর, ঠাকুরগাঁও

স্মারক নং ঃ ০৫.৫৫.৯৪৫১.০০০.০৩.০০৩.২২-০২(৫০) তারিখঃ ০৩-০১-২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হল-

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ঠাকুরগাঁও-২।

০২। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, রংপুর বিভাগ, রংপুর।

০৩। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।

০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।

০৫। উপজেলা ..........................................কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও।

০৬। চেয়ারম্যান .......................................... ইউনিয়ন পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।

০৩/১/২২

মোঃ আব্দুল করিম
উপজেলা নির্বাহী অফিসার
হরিপুর, ঠাকুরগাঁও

ইউডিসিসি-২